157

দৈনিক ইত্তেফাক

তারিখ 08 DEC 1995
পৃষ্ঠা ৮ কলাম ১

এসএসসি পরীক্ষার ফলাফল

# খাতা পুনঃ নিরীক্ষণের আবেদন জানাইয়াছে ছয় হাজার ছাত্র-ছাত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বোর্ডের ১৯৯৫ সালের এইচ,এস, সি পরীক্ষায় অংশ গ্রহণকারী ৬ হাজার ছাত্র-ছাত্রী তাহাদের প্রকাশিত ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য বোর্ডের নিকট আবেদন করিয়াছে। ৩০শে নভেম্বর ছিল আবেদনপত্র জমা দেওয়ার শেষ

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## খাতা পুনঃনিরীক্ষণ

(১ম পৃঃ পর)

দিন। বোর্ডের একটি সূত্র জানায়, আবেদনকারীদের মধ্যে এস,এসসি পরীক্ষায় প্রথম বিভাগ, এমনকি ষ্টার মার্ক পাওয়া ছাত্র-ছাত্রীও রহিয়াছে। আবেদনপত্র গ্রহণ করার পর বোর্ড হইতে ঘোষণা দেওয়া হইয়াছে ৩১শে ডিসেম্বরের মধ্যে এই ব্যাপারে সিদ্ধান্ত দেওয়া হইবে।

একটি সূত্রের মতে, খাতা পুনঃনিরীক্ষণের জন্য প্রথম দরকার হয় প্রধান পরীক্ষকের নিকট যোগাযোগ করা। যে ৬ হাজার ছাত্র-ছাত্রীর আবেদনপত্র জমা পড়িয়াছে তাহাদের প্রত্যেকের পরীক্ষার খাতা প্রধান পরীক্ষকের নিকট হইতে বোর্ড সংগ্রহ করিবে। ইহার পর অভিযোগ অথবা আবেদনপত্রের বক্তব্য অনুযায়ী কেন্দ্রীয় কম্পিউটার কেন্দ্র বিষয়টি পরীক্ষা করিয়া দেখিবে। নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র জানায়, ছাত্র-ছাত্রী ও বিভিন্ন মহলের অভিযোগ অনুযায়ী "প্রয়োজন হইলে বাহিরের লোক দিয়া খাতা পুনঃনিরীক্ষণ করা হইবে" শিক্ষামন্ত্রী একটি অনুষ্ঠানে এই বক্তব্য প্রদান করায় বোর্ড কর্তৃপক্ষ বিপাকে পড়িয়াছে। পরীক্ষকদের দিয়াই খাতা পুনঃ নিরীক্ষণের নিয়ম। প্রয়োজনে নতুন পরীক্ষক দিয়া খাতা পুনঃ নিরীক্ষণ করার বিধান রহিয়াছে। এই কাজে অভিজ্ঞ শিক্ষকরাই দায়িত্ব পালন করেন। বাহিরের কোন লোককে এই কাজে নিয়োজিত করা হইলে ভবিষ্যতে আবারও এই দাবী উঠিবে কিনা, ইহা নিয়া বোর্ড কর্তৃপক্ষ দ্বিধা-দ্বন্দ্বে রহিয়াছে।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ময়েজ উদ্দিন আহমদ বলেন, ইতিমধ্যেই পরীক্ষকদের নিকট হইতে খাতা আনিয়া পুনঃ নিরীক্ষণের কাজ শুরু হইয়াছে। আশা করা যায়, ৩১শে ডিসেম্বরের মধ্যে এই ব্যাপারে তথ্য প্রকাশ করা যাইবে। এদিকে ৩১শে ডিসেম্বরের আগে কোন তথ্য পাওয়া যাইবে না— ইহা জানার পরও প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী বোর্ড প্রাঙ্গণে ভিড় করিতেছে। বোর্ডের কোন কর্মকর্তাকে দেখিলেই অনেকে কথা বলার চেষ্টা করে। কিন্তু কর্মকর্তারা এই ব্যাপারে তেমন আন্তরিক নন।